৩২

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 21 NOV. 1997 ..
পৃষ্ঠা ৩ কলাম ৭

## আইডিয়াল স্কুলে ভর্তির জন্য ডোনেশন প্রথা বাতিলের সিদ্ধান্ত অভিনন্দিত

গত বুধবার আইডিয়াল স্কুল এণ্ড কলেজ অভিভাবক পরিষদের এক সভায় গভর্নিং বডির সভাপতি ও সংসদ সদস্য সাবের হোসেন চৌধুরী কর্তৃক আলোচ্য প্রতিষ্ঠানে ছাত্র ভর্তির ক্ষেত্রে ডোনেশন প্রথা বাতিলের ঘোষণায় অভিনন্দন

(৭ম পৃঃ দ্রঃ)

## আইডিয়াল স্কুল

(৩য় পৃঃ পর)

জ্ঞাপন করা হয়। পরিষদের কার্যালয়ে অনুষ্ঠিত এই সভায় সভাপতিত্ব করেন মতিঝিল কলোনী কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক ও অভিভাবক পরিষদের উপদেষ্টা মোহাম্মদ ইসমাইল। সভায় বিভিন্ন বক্তা উক্ত প্রতিষ্ঠানে বিরাজমান পরিস্থিতি লইয়া আলোচনা করেন এবং পরিষদের সভাপতি সাইদুর রহমান কর্তৃক পেশকৃত কাগজপত্র পর্যালোচনা ক্রমে ঐক্যমত পোষণ করেন যে, প্রধান শিক্ষক মোহাম্মদ ফয়জুর রহমানের চাকুরীর মেয়াদকাল ৬০ বৎসর পূর্ণ হইবার কারণে ১৯৯০ সালের ৩০শে ডিসেম্বর শেষ হয়। পরবর্তীকালে সরকার বিশেষ বিবেচনায় দুই দফায় চার বৎসর বৃদ্ধি করেন। কিন্তু গত ১৯৯৫ সালের ১লা জানুয়ারী হইতে আজ পর্যন্ত তিনি চাকুরীর মেয়াদ বৃদ্ধি না করিয়া তথ্য গোপন করিয়া বিধি বহির্ভূতভাবে প্রভাব বিস্তার করিয়া চাকুরী করিয়া যাইতেছেন।

১৯৯৬ সালের ১লা জানুয়ারী হইতে আগামী ৩১শে ডিসেম্বর পর্যন্ত মেয়াদ বৃদ্ধি সংক্রান্ত বোর্ডের চেয়ারম্যানের নিকট মন্ত্রণালয়ের সুপারিশ বোর্ড কর্তৃপক্ষ কার্যকর করেন নাই। মিথ্যার আশ্রয় লইয়া ফয়জুর রহমানের একটি শিক্ষা প্রতিষ্ঠানে চাকুরী করা সঠিক হয় নাই।

সভায় ফয়জুর রহমান কর্তৃক মন্ত্রণালয়ের সিদ্ধান্তের বিরুদ্ধে রুজুকৃত রীট পিটিশন ও পরবর্তীতে সুপ্রীম কোর্টের রায়ের আলোকে আলোচনা করা হয়। রায়, পর্যালোচনায় দেখা যায় যে গভর্নিং বডির চেয়ারম্যান কর্তৃক নির্বাচন অনুষ্ঠানের সকল আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন করিয়া পরবর্তী ৬০ দিনের মধ্যে নির্বাচন করিবার সিদ্ধান্ত লওয়া হইয়াছে। সভায় ফয়জুর রহমানের নেতিবাচক ভূমিকা থাকা সত্ত্বেও ১৫ই ডিসেম্বরের মধ্যে তাহার আনুষ্ঠানিক বিদায় সম্বর্ধনা জানানোর জন্য এগার সদস্য বিশিষ্ট সম্বর্ধনা কমিটি গঠন করা হয়। ইহা ছাড়া উক্ত প্রতিষ্ঠান পরিচালনার স্বার্থে জরুরীভিত্তিতে ভারপ্রাপ্ত অধ্যক্ষকে দায়িত্ব প্রদান ও নিয়মিত যোগ্যতাসম্পন্ন অধ্যক্ষ নিয়োগের জন্য গভর্নিং বডির সভাপতির প্রতি অনুরোধ করা হয়। সভায় খিলগাঁও পুনর্বাসন এলাকায় এই প্রতিষ্ঠানের শাখা খোলার জন্য জমি বরাদ্দ করিবার জন্য গভর্নিং বডির চেয়ারম্যান ও সংসদ সদস্যের নিকট দাবী জানান হয়।

—প্রেস বিজ্ঞপ্তি